# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) উত্তর ২৪ পরগণার স্বরূপনগরে ভারত বাংলাদেশ সীমান্তের হাকিমপুর চেকপোস্ট দিয়ে বেআইনীভাবে এদেশে ঢোকার সময় মহম্মদ আরিফুজ্জামান নামে বাংলাদেশের হাসিনা সরকারের আমলে এক উচ্চপদস্থ আধিকারিক বিএসএফ-এর হাতে ধরা পড়েছে।

২) কেএমডিএ কলকাতার উড়ালপুল ও সেতুর নীচে বেআইনি বসতি ও দোকান সরাতে অভিযান শুরু করেছে।

৩) ২০২২ সালের প্রাথমিকের টেট পরীক্ষার্থীদের তথ্য ফাঁস হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে।

৪) দক্ষিণবঙ্গের ওপর তৈরি হওয়া নিম্নচাপটি সরে গেলেও সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি।

পশ্চিম মেদিনীপুরে ঘাটাল মহকুমায় আবারও বন্যা পরিস্থিতি তৈরির সম্ভাবনা।

৫) কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে আজ মোহনবাগান ৫-২ গোলে বেহালা এস এস স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে।

-----------------------------------------------------------------------------------

উত্তর ২৪ পরগণার স্বরূপনগরে ভারত বাংলাদেশ সীমান্তে হাকিমপুর চেকপোস্ট দিয়ে বেআইনীভাবে এদেশে ঢোকার সময় মহম্মদ আরিফুজ্জামান নামে এক উচ্চপদস্থ আধিকারিক বিএসএফ-এর হাতে ধরা পড়েছে। হাসিনা সরকারের আমলে সেনাবাহিনীর সচিব আরিফুজ্জামান রংপুর মেট্রোপলিটন পুলিশের এসিপির দায়িত্বে ছিলেন বলে জানা গেছে। ইউনুস সরকার বাংলাদেশে ক্ষমতায় আসার পর তিনি সাতক্ষীরা জেলায় আত্মগোপন করেছিলেন। বৃষ্টি এবং প্রাকৃতিক দুর্যোগের সুযোগ নিয়ে সীমান্ত অতিক্রম করার সময় বিএসএফ ১৪৩ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা তাকে আটক করে শনিবার রাতে স্বরূপনগর থানা পুলিশের হাতে তুলে দেয়। তার কাছ থেকে বেশ কিছু নথিপত্রও পাওয়া গেছে। বাংলাদেশ হাইকমিশনকেও বিষয়টি অবহিত করা হয়েছে। বসিরহাট আদালতে গতকাল তাকে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়।

কাগজপত্র না থাকলে আইনানুগ ব্যবস্থা হবে বলে জানিয়েছেন বিরোধী দলনেতা।

বাইট

-------------------

ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের গেদে রেলস্টেশনে ভুয়ো সাংবাদিক ও গোয়েন্দা অফিসার সেজে বৈধভাবে এদেশে আসা বাংলাদেশী নাগরিকদের হেনস্থা করার অভিযোগে পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। ঢাকা থেকে এদেশে চিকিৎসার জন্য এক দম্পতি ও তাদের সন্তান শিয়ালদামুখী ট্রেন ধরার জন্য অপেক্ষা করার সময় পাঁচ জন তাদের ঘিরে ধরে হেনস্থা করে। স্থানীয় মানুষদের চিৎকারে দুজন পালিয়ে গেলেও তিনজন ধরা পড়ে যায়। এদের একজনের বাড়ি কলকাতায়। বাকি দুজন উত্তর ২৪ পরগণার বাসিন্দা।

-------------------

২০২২ সালের প্রাথমিকের টেট পরীক্ষার্থীদের তথ্য ফাঁস হয়ে গেছে বলে অভিযোগ উঠেছে। পরীক্ষার্থীদের একাংশের অভিযোগ, একটি অচেনা ওয়েবসাইটে প্রায় দেড় লক্ষের বেশি পরীক্ষার্থীর তথ্য দেখা গেছে। সেখান থেকে টেট উত্তীর্ণদের শংসাপত্রও ডাউনলোড করা যাচ্ছে বলে তাঁদের অভিযোগ। পর্ষদ পরীক্ষার্থীদের এই তথ্য প্রকাশ না করা সত্ত্বেও কিভাবে তা ফাঁস হল, তা নিয়ে পরীক্ষার্থীরা গুরুতর প্রশ্ন তুলেছেন। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং অভিযোগ সত্যি হলে আইনত ব্যবস্থা নেওয়া হবে বলে পর্ষদ সূত্রে জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে এই পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। উত্তীর্ণরা প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পেয়েছিলেন। সেইমতো তারা সার্টিফিকেট ডাউনলোডও করেন।

-------------------

কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি, কেএমডিএ মহানগরীর উড়ালপুল ও সেতুর নীচে বেআইনি বসতি ও দোকান সরাতে অভিযান শুরু করেছে। ইতোমধ্যেই চারটি সেতুর নীচ থেকে অবৈধ বসতি ও অস্থায়ী দোকান উচ্ছেদ করে দেওয়া হয়েছে। ওই জায়গাগুলিতে লোহার গ্রিল বসিয়ে ঘিরে ফেলা হয়েছে, যাতে ভবিষ্যতে আর কেউ জায়গা দখল করতে না পারে।

পাশাপাশি আরও আটটি সেতুর নীচে উচ্ছেদ অভিযান চলছে। আলিপুর চিড়িয়াখানার কাছে মা সারদামণি সেতু, টালিগঞ্জ-হারিদেবপুর সংযোগকারী করুণাময়ী সেতু, চিঙ্গরিঘাটা উড়ালপুল ও ইএম বাইপাসে আম্বেদকর সেতুর নিচ থেকে উচ্ছেদ অভিযান সম্পূর্ণ করে ঘিরে ফেলা হয়েছে। বর্তমানে বাঘাযতীন ব্রিজ, চেতলা লকগেট ব্রিজ, দুর্গাপুর ব্রিজ, বাগমারি ব্রিজ, কামালগাজি ব্রিজ, চিতপুর ব্রিজ, উল্টোডাঙা

উড়ালপুল এবং ভিআইপি রোড-সল্টলেক সংযোগকারী স্লিপ ব্রিজের নীচে উচ্ছেদ অভিযান চলছে।

কেএমডিএ-র সূত্রে খবর, বহু উড়ালপুল ও সেতুর নীচে বছরের পর বছর ধরে অস্থায়ী বসতি তৈরি করে কোথাও দোকান, কোথাও আবার খোলা আগুনে রান্না চলছে। এর ফলে ইঞ্জিনিয়ারদের প্রয়োজনীয় পরিদর্শনের কাজও ব্যাহত হয়। গত ডিসেম্বরে নিউ আলিপুরের দুর্গাপুর ব্রিজের নীচে আগুন লেগে সেতুর কংক্রিট ক্ষতিগ্রস্ত হওয়ার পরই কেএমডিএ নড়েচড়ে বসে।

------------------

বিজেপি ঘাটালে বন্যাকে ম্যান মেড বলে অভিহিত করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য গতকাল বলেন, শাসকদল তৃণমূল কংগ্রেসের প্রত্যক্ষ মদতে অবৈধ বালি চুরি এবং অবৈজ্ঞানিকভাবে ক্যানেল ও বাঁধ নির্মাণ করা হচ্ছে। এর ফলেই ঘাটালে প্রতি বছর বন্যা বলে তিনি মন্তব্য করেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ঘাটাল মাস্টার প্ল্যানের ব্যাপারে কেন্দ্র-রাজ্য যৌথ সহযোগিতা থাকা উচিত।

বাইট

------------------

নন্দীগ্রামে ২ নম্বর ব্লকের বিরুলিয়া সমবায় সমিতির নির্বাচনে সবকটি আসনে জয় পেয়েছে বিজেপি। গতকাল কড়া পুলিশি নিরাপত্তায় এই সমবায় সমিতিতে ভোট নেওয়া হয়। বিজেপি ও তৃণমূল কংগ্রেস সবকটি আসনেই প্রার্থী দিয়েছিল।

------------------

আর্থিক অনিয়মের অভিযোগে রাজ্য মেডিক্যাল কাউন্সিলের সভাপতির বাড়িতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার হানা দেওয়া ও তল্লাশির ঘটনায় পশ্চিমবঙ্গের সম্মানহানী

হয়েছে বলে ৫টি চিকিৎসক সংগঠনের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস, ওয়েস্ট বেঙ্গল দাবি করেছে। এক বিবৃতিতে সংগঠনের দুই আহ্বায়ক ডাক্তার হীরালাল কোনার এবং ডাক্তার পূণ্যব্রত গুণ বলেন, এই ঘটনায় মেডিক্যাল কাউন্সিলের সাম্প্রতিক কাজকর্মের বিরুদ্ধে তাদের তোলা অভিযোগ গুলি প্রমাণিত হচ্ছে। ব্যাপক ভোট জালিয়াতির মাধ্যমে এই কাউন্সিল গঠিত হয়েছিল বলেও অভিযোগ করে কাউন্সিলের পদাধিকারীদের অবিলম্বে পদত্যাগের দাবি জানান তাঁরা।

এদিকে, অভয়া আন্দোলনে প্রতিবাদী চিকিৎসকদের ওপর পুলিশি হেনস্থার বিরুদ্ধে অভয়া মঞ্চের পক্ষ থেকে আজ দুপুর সাড়ে তিনটায় কলকাতার হেয়ার স্ট্রিট থানার সামনে জমায়েত হবে। জুনিয়র ডাক্তার অরিন্দম ঘোষকে সমন পাঠিয়ে পুলিশ জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠিয়েছে বলে অভয়া মঞ্চের তরফে জানানো হয়েছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ. আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-------------------

দুর্গাপুজোয় ক্লাবগুলিকে অনুদান দেওযার বিরুদ্ধে দায়ের জনস্বার্থ মামলার আজ কলকাতা হাইকোর্টে শুনানি হওয়ার কথা। বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চে আজ এবিষয়ে বিস্তারিত শুনানি হবে। গত বুধবার মামলাকারী সৌরভ দত্তের আইনজীবী আদালতে বলেন, সরকারি কোষাগারের টাকা এভাবে পুজোর নামে দান করা যায়না। সরকার অন্যান্য জরুরী ক্ষেত্রে প্রাপ্য মেটাতে না পারলেও বছর বছর দুর্গাপুজোর খাতে অনুদানের পরিমাণ বাড়ছে। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত এই আবেদনের বিরোধিতা করেন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, এসপ্ল্যানেড থেকে শিয়ালদা, নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমানবন্দর ও হেমন্ত মুখোপাধ্যায় থেকে বেলেঘাটা এই তিনটি মেট্রো সংযোগের সূচনা করার ফলে প্রতিদিন প্রায় ৩০ লক্ষ মানুষ উপকৃত হবেন। দ্রুতগামী যাতায়াতের পাশাপাশি শহরকেন্দ্রিক বৃহত্তর অংশের আর্থ সামাজিক পরিকাঠামোরও বড় রকম পরিবর্তন ঘটতে চলেছে বলে মনে করছে মেট্রো কর্তৃপক্ষ।

একটি প্রতিবেদন।

-------------------

কলকাতা মেট্রোর উত্তর-দক্ষিণ করিডোরে অর্থাৎ ব্লু লাইনে আজ থেকে ট্রেনের সংখ্যা বাড়ছে। মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সোম থেকে শুক্রবার দক্ষিণেশ্বর এবং শহিদ ক্ষুদিরাম স্টেশনের মধ্যে আপ ও ডাউনে ২৬২টির পরিবর্তে ২৮৪টি মেট্রো চলবে। যাত্রী চাহিদার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত।

শহীদ ক্ষুদিরাম থেকে সকাল ছটা ৫৪ মিনিটে এবং দক্ষিণেশ্বর থেকে ছটা পঞ্চাশ মিনিটে আগের মতই প্রথম ট্রেন ছাড়বে। তবে দক্ষিণেশ্বরগামী শেষ মেট্রো শহিদ ক্ষুদিরাম থেকে পাওয়া যাবে রাত ৯টা ৩৪ মিনিটে।

অন্যদিকে, শহিদ ক্ষুদিরাম থেকে দমদমগামী শেষ মেট্রো মিলবে রাত ৯টা ৪৪ মিনিটে। তবে শনি ও রবিবার ট্রেন চলাচলের সময়সূচী অপরিবর্তিত থাকবে বলে জানানো হয়েছে।

------------------

ওড়িশা সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে আজ একটি নিম্নচাপ তৈরির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। এর প্রভাবে উপকূল সংলগ্ন জেলা গুলিতে দু একদিন হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কবার্তা রয়েছে। ভারি বৃষ্টি হতে পারে উত্তরের জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ারে। দক্ষিণবঙ্গের দুই ২৪ পরগণা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়ায় বজ্রবিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আগামী ২৮ তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধাজ্ঞা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট অন্বেষা ভট্টাচার্য

এদিকে, পশ্চিম মেদিনীপুরের ঘাটালে রূপনারায়ণ নদের জল বন্দর এবং রানীচক এলাকায় প্রাথমিক বিপদসীমার ওপর দিয়ে বইছে। ওল্ড কাঁসাই নদীর জলও কলমিজোড় এলাকায় বিপদসীমা ছাড়িয়েছে।

দক্ষিণ দিনাজুপেরর তপনে চন্ডীপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় সেতু ভেঙে ফতেপুর এবং মিলকিডাঙ্গার মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন।

------------------ ------------------